

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৭৮

२৫/ ि विकि९मा (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২০. রক্তমোক্ষণ

بَابِ الْحِجَامَةُ

### আরবী

حَدَّتَنَا أَبُو بِشْرٍ، بَكْرُ بْنُ خَلَفٍ حَدَّتَنَا عَبْدُ الأَعْلَى، حَدَّتَنَا عَبَّادُ بْنُ مَنْصُورٍ، عَنْ عِكْرِمَةَ، عَنْ الْبُو بِشْرٍ، بَكْرُ بْنُ خَلَفٍ حَدَّتَنَا عَبْدُ الأَعْلَى، حَدَّتَنَا عَبَّادُ بْنُ مَنْصُورٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " نِعْمَ الْعَبْدُ الْحَجَّامُ يَذْهَبُ بِالدَّمِ وَيُخِفُّ الصُّلْبَ وَيَجْلُو الْبَصَرَ ".

#### বাংলা

৩/৩৪৭৮। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রক্তমোক্ষণকারী বান্দা কতই না উত্তম! সে খারাপ রক্ত বের করে দিয়ে (উপার্জনের মাধ্যমে) পিঠের বোঝা হালকা করে এবং চোখের ময়লা দূর করে।

## **English**

It was narrated that Ibn 'Abbas said:

"The Messenger of Allah (ﷺ) said: 'What a good slave is the cupper. He takes away the blood, reduces pressure on the spine, and improves the eyesight.'"

## ফুটনোট

তিরমিয়ী ২০৫৩, যইফাহ ২০৩৬, যইফ আল-জামি ৫৯৬৬। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আব্বাদ বিন মানসুর সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তিনি ইকরিমাহ থেকে হাদিস শ্রবন করেননি অথচ তিনি তার থেকে একাধিক হাদিস বর্ণনা করেছেন। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কাদারিয়ায় মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। (তাহয়ীবুল কামালঃ রাবী নং



৩০৯৩, ১৪/১৫৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন